ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স- ১৫৮৫

আগরতলা,৫ জুলাই,২০২৫

# শিশুদের যত্ন ও নিয়মানুবর্তিতার মধ্য দিয়ে বড় করে তুলতে হবে : রাজ্যপাল



শিশুদের যত্ন ও নিয়মানুবর্তিতার মধ্য দিয়ে বড় করে তুলতে হবে। তাদের অবশ্যই ধর্মের গুরুত্ব কি তা শেখাতে হবে। আজ বিকেলে পূর্বাশা মেলা গ্রাউন্ডে ইসকন আয়োজিত উল্টো রথের অনুষ্ঠানে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু একথা বলেন। তিনি বলেন, শিশুদের আত্ম নিয়মানুবর্তিতা এবং আত্ম নিয়ন্ত্রণ শেখানো খুবই প্রয়োজন।

অনুষ্ঠানে প্রাক্তন মুখ্যমন্ত্রী সাংসদ বিপ্লব কুমার দেব বক্তব্য রাখতে গিয়ে সনাতন ধর্ম এবং তার মহত্ব তুলে ধরেন। তাছাড়া অনুষ্ঠানে বক্তব্য রাখেন এম.ডি.সি. প্রদ্যুৎ কিশোর মাণিক্য দেববর্মা। উপস্থিত ছিলেন পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সহ-সভাধিপতি বিশ্বজিৎ শীল, প্রাক্তন বিধায়ক দিলীপ দাস, সমাজসেবী পাপিয়া দত্ত প্রমুখ। স্বাগত বক্তব্য রাখেন আগরতলাস্থিত ইসকন মন্দিরের সহ-সভাপতি শ্রীদাম গোবিন্দ দাস। ধন্যবাদসূচক বক্তব্য রাখেন ইসকন ত্রিপুরার আঞ্চলিক সচিব ভক্তিবিজয় ভগবৎ স্বামী। রাজভবন থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****